

Telephone conversation between Prime Minister and the President of Russian Federation

July 02, 2020

রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রপতি এবং ভারতের প্রধান মন্ত্রীর সাথে
টেলিফোনে কথোপকথন

জুলাই 02, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রপতি মহামান্য ব্লাদিমির পুতিনের সাথে 2 রা জুলাই 2020 তারিখে ফোনে কথাবার্তা বলেন।

প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি পুতিনকে দ্বিতীয় বিশ্বযুদ্ধ জয়ের 75 তম বছর উদযাপন উৎসব সমারোহ সফলতার সাথে পালন করার জন্য এবং রাশিয়াতে সংবিধান সংশোধন-এর ভোট সফলভাবে সম্পন্ন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

ভারতের ও রাশিয়ার জনগণের মধ্যে বন্ধুত্বের প্রতীক হিসেবে 24 ই জুন 2020 তারিখে মস্কোয় অনুষ্ঠিত সামরিক প্যারেডে ভারতীয় সামরিক বাহিনীর একটি অংশের অংশগ্রহণ করার কথা প্রধানমন্ত্রী স্বরণ করেন।

উভয় নেতা কোভিড - 19 অতিমারির নেতিবাচক পরিণাম দূর করার জন্য দুই দেশের কার্যকরি ভূমিকা গ্রহণের বিষয়ে আলোচনা করেন এবং কোভিড পরবর্তী পরিস্থিতিকে সামলাবার জন্য ভারত ও রাশিয়ার একযোগে লড়াই করার জন্য ভারত-রাশিয়া মৈত্রী আরো দৃঢ় করার বিষয়ে সহমত হন। তারা দ্বিপাক্ষিক যোগাযোগ এবং আলোচনার গতি বজায় রাখার বিষয়ে সহমত প্রকাশ করেন, ফলস্বরূপ বার্ষিক দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলন এই বছরের শেষদিকে ভারতে অনুষ্ঠিত হবে। দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনের জন্য ভারতে রাষ্ট্রপতি পুতিনকে স্বাগত জানাবার জন্য প্রধান মন্ত্রী তার আগ্রহ প্রকাশ করেন।

রাষ্ট্রপতি পুতিন প্রধান মন্ত্রীকে তার ফোন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং দুই দেশের মধ্যে সর্বস্তরে বিশেষ এবং বিশেষাধিকার প্রাপ্ত কৌশলগত অংশীদারিত্বকে আরো মজবুত করার জন্য তার প্রতিজ্ঞাবদ্ধতার কথা পুনরায় উত্থাপন করেন।

নিউ দিল্লি

জুলাই 02, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.